



এনজিওর মাধ্যমে প্রশিক্ষণ পাবে ১০ হাজার তরুন

প্রকাশিত: ০৩ - জানুয়ারী, ২০১৬ ০৭:২২ পি. এম.

অর্থনৈতিক রিপোর্টার ॥ তরুনদের দক্ষতা উন্নয়নের মাধ্যমে এসএমইখাতে উৎপাদনশীলতা বৃদ্ধিতে ভূমিকা রাখার পাশাপাশি নতুন উদ্যোক্তা গড়ে তোলার জন্য এনজিওর মাধ্যমে শিক্ষিত বেকার জনগোষ্ঠীর জন্য বিভিন্ন ধরনের দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি হাতে নিয়েছে সরকার। ‘স্কিল ফর ইমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম’ (এসইআইপি) আওতায় দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ প্রদানের জন্য নির্বাচিত প্রতিষ্ঠানের মাধ্যমে এই কার্যক্রম বাস্তবায়ন করবে কেন্দ্রীয় ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগ। রবিবার বিকেলে বাংলাদেশ ব্যাংকের জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে প্রধান অতিথি হিসেবে কার্যক্রমের উদ্বোধন করেন বাংলাদেশ ব্যাংকের গবর্নর ড. আতিউর রহমান। এসময় তিনি বলেন, সবাইকে একসঙ্গে নিয়ে এগিয়ে গেলে সবধরনের প্রকল্পই গতি পায়। এজন্য সকলের সঙ্গে মিলেমিশে এধরনের প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হয়েছে। অংশগ্রহনকারী প্রতিষ্ঠানগুলোকে লাভ-লোকসানের হিসাব না করে দক্ষজনগোষ্ঠী তৈরিতে কাজ করার নির্দেশ দেন।

ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের নির্বাহী পরিচালক নির্মল চন্দ্র ভক্তের সভাপতিত্বে আরও বক্তব্য রাখেন, ডেপুটি গভর্নর এসকে সুর চৌধুরী, অর্থমন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও প্রকল্পের জাতীয় পরিচালক জালাল আহমেদ, অতিরিক্ত সচিব ও নির্বাহী পরিচালক আব্দুর রউফ তালুকদার, এবিবির চেয়ারম্যান আনিস এ খান, নন ভ্যাংক আর্থিক প্রতিষ্ঠানের নির্বাহীদের সংগঠনের প্রেসিডেন্ট মফিজ উদ্দিন সরকারসহ বিভিন্ন এনজিওর প্রধান নির্বাহী কর্মকর্তাগণ। প্রকল্পের আওতায় আগামী ৩ বছরে আইসিটি, গার্মেন্টস, লাইট ইঞ্জিনিয়ারিং, অটোমোবাইল, ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রিক্যাল মেইন্টিন্যান্সসহ ১২টি ট্রেড কোর্সে প্রথম পর্যায়ে ১০ হাজার ২শ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে। ক্যাটাগরি ভিত্তিক এ প্রশিক্ষণে অংশ গ্রহনের জন্য অষ্টম থেকে স্নাতক পাশ হতে হবে। থাকা-খাওয়াসহ প্রশিক্ষণার্থীদের এককালীন সম্মানীও প্রদান করা হবে। দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ে আরও আড়াই লাখ তরুনকে একই ধরনের প্রশিক্ষণ দেওয়া হবে। এই প্রশিক্ষণ প্রদানের প্রতিষ্ঠান নির্বাচনের জন্য খোলা দরপত্র আহবান করে বাংলাদেশ ব্যাংক। সেখানে ১৫৭ টি এনজিও অংশ নেয়। তার মধ্য থেকে ৮টি এনজিওকে নির্বাচিত করা হয়।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাফিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

